

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নম্বর: ০৫.০০.০০০০.২০১.২৫.০১২.২০-১২৩

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯  
৩১ মে ২০২২

বিষয়: ১৩১তম, ১৩২তম, ১৩৩তম ও ১৩৪তম সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য কর্মকর্তাদের নামের তালিকা প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সার্ভে এন্ড সেটেলমেন্ট কোর্সের ০৪টি (১৩১তম, ১৩২তম, ১৩৩তম ও ১৩৪তম) ব্যাচ আগামী ২০২২-২০২৩ অর্থ বছরে ( কোর্স শুরুর সম্ভাব্য সময় নভেম্বর ২০২২ ) প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন বিসিএস লাইভস্টক একাডেমি-এর মসজিদ সংলগ্ন মাঠ, সাভারে অনুষ্ঠিত হবে।

২। বর্ণিত ০৪টি ব্যাচে প্রশিক্ষণার্থী মনোনয়নের লক্ষ্যে বিসিএস (প্রশাসন), বিসিএস (পুলিশ), বিসিএস (বন) ও বিসিএস (রেলওয়ে) ক্যাডারভূক্ত এবং বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসের কর্মকর্তাগণের মধ্য হতে নবীন সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), সহকারী পুলিশ সুপার, সহকারী/সিনিয়র সহকারী জজ, সহকারী/সিনিয়র সহকারী বন সংরক্ষক পর্যায়ের কর্মকর্তাগণের নামের তালিকা (সফট কপি) নির্ধারিত ছক অনুযায়ী আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে শুধুমাত্র ই-মেইলে ([it2@mopa.gov.bd](mailto:it2@mopa.gov.bd)), প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক	পরিচিতি নম্বর	কর্মকর্তার নাম	পদবি	কর্মস্থল	ব্যাচ	সেলফোন	মন্তব্য

৩। উল্লেখ্য, উক্ত তালিকা পাওয়ার পর এ মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ৫১/৫২ দিন।

  
৩১ মে ২০২২

(মোঃ বিলকিস জাহান)

উপসচিব

ফোনঃ ০২-২২৩৩৮৯২৩৪

[it2@mopa.gov.bd](mailto:it2@mopa.gov.bd)

বিতরণ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সিনিয়র সচিব -----(সকল) ;
- ৩। সচিব -----(সকল) ;
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ;
- ৫। জেলা প্রশাসক----- (সকল) ;
- ৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ;
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ;
- ৮। অফিস কপি।